

“শেখ হাসিনার বারতা
নারী-পুরুষ সমতা”

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়
চারঘাট, রাজশাহী।
dwa.charghat.rajshahi.gov.bd



স্মারক নং ৩২.০১.৮১২৫.০০০.১৬.১২৭.১৪ -৬৬৮

তারিখঃ ০৩/১০/২০২১ খ্রি.

নোটিশ

এতদ্বারা সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আগামী ১২/১০/২০২১ খ্রি. তারিখে বেলা ১১.১৫ ঘটিকায় মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চারঘাট, রাজশাহীর সভাপতিত্বে তাঁর সভাকক্ষে “উপজেলা মহিলা ও শিশু উন্নয়ন সংক্রান্ত” কমিটির সভা অনুষ্ঠিত হবে।

উল্লিখিত তারিখ ও সময়ে সম্মানিত সদস্যবৃন্দকে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

০৩/১০/২০২১
মাহফুজা বেগম
উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা
চারঘাট, রাজশাহী।

অনুলিপি সদয় কার্যার্থেঃ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

ক্রঃ নং	নাম ও পদবী
০১	উপজেলা ভাইস চেয়ারম্যান (মহিলা), চারঘাট, রাজশাহী।
০২	উপজেলা ভাইস চেয়ারম্যান(পুরুষ), চারঘাট, রাজশাহী।
০৩	চেয়ারম্যান, শলুয়া ইউপি, চারঘাট, রাজশাহী।
০৪	চেয়ারম্যান, নিমপাড়া ইউপি, চারঘাট, রাজশাহী।
০৫	চেয়ারম্যান, চারঘাট ইউপি, চারঘাট, রাজশাহী।
০৬	উপজেলা সমাজসেবা অফিসার, চারঘাট, রাজশাহী।
০৭	অফিস কপি।

মহিলা ও শিশু উন্নয়ন সংক্রান্ত কমিটির সভার কার্যবিবরণী

সভাপতিঃ মোসাঃ তাজমিরা খাতুন, উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চারঘাট, রাজশাহী।

সভার তারিখঃ ১২/১০/২০২১ খ্রি. সভার সময়ঃ ১০.৩০ ঘটিকা

স্থানঃ মহিলা ভাইস চেয়ারম্যান অফিস কক্ষ, চারঘাট, রাজশাহী।

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকাঃ

ক্রঃ নং	নাম ও পদবী	স্বাক্ষর
০১	উপজেলা ভাইস চেয়ারম্যান (মহিলা), চারঘাট, রাজশাহী।	স্বাক্ষরিত
০২	উপজেলা ভাইস চেয়ারম্যান(পুরুষ), চারঘাট, রাজশাহী।	স্বাক্ষরিত
০৩	চেয়ারম্যান, শলুয়া ইউপি, চারঘাট, রাজশাহী।	স্বাক্ষরিত
০৪	চেয়ারম্যান, নিমপাড়া ইউপি, চারঘাট, রাজশাহী।	স্বাক্ষরিত
০৫	চেয়ারম্যান, চারঘাট ইউপি, চারঘাট, রাজশাহী।	স্বাক্ষরিত
০৬	উপজেলা সমাজসেবা অফিসার, চারঘাট, রাজশাহী।	স্বাক্ষরিত
০৭	উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, চারঘাট, রাজশাহী।	স্বাক্ষরিত

সভাপতি কর্তৃক উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভা আরম্ভ করা হয়। অতঃপর সভায় বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শোনানো হয়। কার্যবিবরণীতে কোন সংশোধনী প্রস্তাব উত্থাপিত না হওয়ায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়। অতঃপর সভায় নিম্নরূপ আলোচনা সিদ্ধান্ত গৃহীত হয়।

ক্রঃ নং	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
০১.	<p>উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, চারঘাট জানান তাঁর বিভাগের নিম্নোক্ত কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে; ভিজিডি কর্মসূচীঃ ভিজিডি কর্মসূচীর আওতায় ১৯১৭জন উপকারভোগীর মাঝে অক্টোবর/২০২১ মাসের চাউল বিতরণ সম্পন্ন হয়েছে। চুক্তিবদ্ধ এনজিও এর মাধ্যমে সঞ্চয় উত্তোলন ও প্রশিক্ষণ কার্যক্রম চলমান রয়েছে।</p> <p>দরিদ্র মা'র জন্য মাতৃকাল ভাতা কর্মসূচীঃ ২০২১-২০২২ অর্থবছরের ভাতা প্রদান কার্যক্রম চলমান রয়েছে। চুক্তিবদ্ধ এনজিও এর মাধ্যমে প্রশিক্ষণ কার্যক্রম চলমান রয়েছে।</p> <p>কর্মজীবী ল্যাকটেটিং মাদার সহায়তা তহবিল কর্মসূচীঃ ২০২১-২০২২ অর্থবছরের চারঘাট পৌরসভায় ভাতা প্রদান কার্যক্রম চলমান রয়েছে। ২০২১-২০২২ অর্থবছরের নতুন বরাদ্দকৃত ১০০ জন এর ভাতাভোগী নির্বাচন ও ডাটাএন্ট্রি কার্যক্রম সম্পন্ন হয়েছে। চুক্তিবদ্ধ এনজিও এর মাধ্যমে প্রশিক্ষণ কার্যক্রম চলমান রয়েছে।</p> <p>মহিলা প্রশিক্ষণ কেন্দ্র (W.T.C) প্রশিক্ষণ কার্যক্রম : ২০২১-২০২২ অর্থবছরে দর্জি বিজ্ঞান ট্রেডে প্রশিক্ষণ কার্যক্রম যথাযথ স্বাস্থ্যবিধি মেনে চলমান রয়েছে।</p> <p>উপজেলা পর্যায়ে মহিলাদের জন্য আয়বর্ধক (আইজিএ) প্রশিক্ষণ প্রকল্পঃ ২০২১-২০২২ অর্থবছরে ফ্যাশন ডিজাইন ও ফুড প্রসেসিং ট্রেডে মহিলাদের প্রশিক্ষণ কার্যক্রম যথাযথ স্বাস্থ্যবিধি মেনে চলমান রয়েছে।</p> <p>কিশোর-কিশোরী ক্লাব স্থাপন প্রকল্পঃ অত্র উপজেলায় ০৭ টি ক্লাবে ২১০ জন (প্রতিক্লাবে ১০ জন কিশোর + ২০জন কিশোরী) এর মাঝে ক্লাবের কার্যক্রম যথাযথ স্বাস্থ্যবিধি মেনে চলমান রয়েছে।</p> <p>বিবিধঃ নারী ও শিশু নির্যাতন, মানবপাচার, বাল্যবিবাহ প্রতিরোধ সংক্রান্ত অক্টোবর/২০২১ মাসে সভা করা হয়েছে। অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে।</p>	<p>ক. মহিলা বিষয়ক অধিদপ্তরের কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তাকে অনুরোধ করা হলো।</p>	<p>উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, চারঘাট, রাজশাহী</p>

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সদস্যবৃন্দকে তাদের উপর অর্পিত সরকারি দায়িত্ব দক্ষতা, সততা ও নিষ্ঠার সাথে পালনের এবং সকল সদস্যকে আগামী সভায় কার্যপত্রসহ উপস্থিত থাকার জন্য অনুরোধ জানান। অতঃপর, সভাপতি কর্তৃক উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

মোসাঃ তাজমিরা খাতুন

সভাপতি

মহিলা ও শিশু উন্নয়ন সংক্রান্ত কমিটি

ও

মহিলা ভাইস চেয়ারম্যান

উপজেলা পরিষদ, চারঘাট, রাজশাহী।